রেজিস্টার্ড নং ডিএ-১

বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুলাই ২, ২০১৫

৬ষ্ঠ খণ্ড

প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধঃস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ।

বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ, ঢাকা।

বিজ্ঞপ্তিসমূহ

তারিখ, ২ মার্চ ২০১৫

নং ৯৭-জি—বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের অবসর-উত্তর ছুটি ভোগরত সুপারিনটেনডেন্ট বি,এম, শফিউল্লাহ- কে তাহার আবেদনের প্রেক্ষিতে অত্র কোর্টের বিজ্ঞপ্তি নং ২৮৪ জি, তারিখ ০৬-১১-২০১৪ খ্রিঃ মোতাবেক তাহাকে ৩১-১২-২০১৪ খ্রিঃ তারিখ হইতে ৩০-১২-২০১৫ খ্রিঃ তারিখ পর্যন্ত ১(এক) বছর পূর্ণ গড় বেতনে অবসর-উত্তর ছুটি মঞ্জুর করা হইয়াছে। উক্ত অবসর-উত্তর ছুটির অতিরিক্ত অবশিষ্ট পূর্ণ গড় বেতনে ০১ বছর ০৬ মাস ২৬$\frac{১}{২}$ দিন প্রাপ্য ছুটির পরিবর্তে মূল বেতন ১৪,৪৩০/- টাকার সাথে ২০% মহার্ঘ ভাতা বাবদ ২,৮৮৬/- টাকা যোগ করিয়া মোট (১৪,৪৩০+২,৮৮৬)=১৭,৩১৬/- টাকা হারে সর্বোচ্চ ১২ (বার) মাসের ছুটির সমপরিমাণ অর্থ বাবদ (১৭,৩১৬×১২)= ২,০৭,৭৯২/- (দুই লক্ষ সাত হাজার সাতশত বিরানব্বই) টাকা এককালীন নগদায়ন প্রদানের জন্য কর্তৃপক্ষ মঞ্জুরী জ্ঞাপন করিয়াছেন।

তারিখ, ৯ মার্চ ২০১৫

নং ৬২৭০-জি—বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের প্রশাসনিক কর্মকর্তা বেগম জেবুন নেছার জন্ম তারিখ ১২-০৫-১৯৫৬ খ্রিঃ হওয়ায় বিধি মোতাবেক ৫৯(উনষাট) বছর পূর্ণ হওয়ায় ১(এক) দিন পূর্বে অর্থাৎ ১১-০৫-২০১৫ খ্রিঃ তারিখ হতে অবসর-উত্তর ছুটিতে (পি.আর.এল) গমনের অনুমতি প্রদান করা হলো।

২। ছুটি প্রাপ্যতা সংক্রান্ত হিসাব রক্ষণ কর্মকর্তার প্রত্যয়ন পত্র প্রাপ্তি সাপেক্ষে প্রচলিত বিধি অনুযায়ী অবসর উত্তর ছুটি মঞ্জুর করা হবে।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

আদেশক্রমে

সৈয়দ আমিনুল ইসলাম
রেজিস্ট্রার।

বিজ্ঞপ্তি

তারিখ, ১০ ফেব্রুয়ারি ২০১৫

নং ৬৫-জি—চাকুরী বেতন ও ভাতাদি আদেশ ২০০৯ এর ৭ নং অনুচ্ছেদের (২) নং উপ-অনুচ্ছেদ মোতাবেক বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের নিম্নে বর্ণিত ১–১৩ নং ক্রমিকের ১৩(তের) জন ২য় শ্রেণীর গেজেটেড পদধারী প্রশাসনিক কর্মকর্তার চাকুরী একই পদে ৮(আট) বৎসর পূর্ণ হওয়ায় তাদের চাকুরীর সন্তোষজনক রেকর্ডের ভিত্তিতে জাতীয় বেতন স্কেল/২০০৯ অনুযায়ী ১১,০০০-৪৯০–২০,৩৭০/-

টাকার স্কেলের পরবর্তী উচ্চতর স্কেল ১২,০০০-৬০০—২১,৬০০/- টাকার স্কেলটি ১ম টাইম স্কেল হিসাবে প্রদানের জন্য কর্তৃপক্ষ অনুমোদন প্রদান করেছেনঃ

ক্রমিক নং	নাম ও পদবী	প্রশাসনিক কর্মকর্তা পদে যোগদানের তারিখ	স্বপদে ৮ (আট) বৎসর পূর্তির তারিখ	১ম টাইম স্কেল প্রাপ্তির তারিখ	বর্তমান বেতন স্কেল	প্রাপ্য ১ম টাইম স্কেল
(১)	জনাব মোঃ আবুল হাসেম প্রশাসনিক কর্মকর্তা	প্রশাসনিক কর্মকর্তা ২৮-০৩-০৬	২৭-০৩-১৪	২৮-০৩-১৪	১১,০০০-২০,৩৭০/- জাঃবেঃস্কেঃ/০৯	১২,০০০-২১,৬০০/- জাঃবেঃস্কেঃ/০৯
(২)	জনাব সুনীল চন্দ্র ওঝা প্রশাসনিক কর্মকর্তা	প্রশাসনিক কর্মকর্তা ২০-০৯-০৬	১৯-০৯-১৪	২০-০৯-১৪	১১,০০০-২০,৩৭০/- জাঃবেঃস্কেঃ/০৯	১২,০০০-২১,৬০০/- জাঃবেঃস্কেঃ/০৯
(৩)	জনাব মোঃ আফতাব উদ্দিন প্রশাসনিক কর্মকর্তা	প্রশাসনিক কর্মকর্তা ২০-০৯-০৬	১৯-০৯-১৪	২০-০৯-১৪	১১,০০০-২০,৩৭০/- জাঃবেঃস্কেঃ/০৯	১২,০০০-২১,৬০০/- জাঃবেঃস্কেঃ/০৯
(৪)	জনাব ফরহাদ হোসেন শেখ প্রশাসনিক কর্মকর্তা	প্রশাসনিক কর্মকর্তা ২০-০৯-০৬	১৯-০৯-১৪	২০-০৯-১৪	১১,০০০-২০,৩৭০/- জাঃবেঃস্কেঃ/০৯	১২,০০০-২১,৬০০/- জাঃবেঃস্কেঃ/০৯
(৫)	জনাব সৈয়দ কুতুব উদ্দিন প্রশাসনিক কর্মকর্তা	প্রশাসনিক কর্মকর্তা ২০-০৯-০৬	১৯-০৯-১৪	২০-০৯-১৪	১১,০০০-২০,৩৭০/- জাঃবেঃস্কেঃ/০৯	১২,০০০-২১,৬০০/- জাঃবেঃস্কেঃ/০৯
(৬)	জনাব এ,বি,এম, সায়েদুল ইসলাম, প্রশাসনিক কর্মকর্তা	প্রশাসনিক কর্মকর্তা ২০-০৯-০৬	১৯-০৯-১৪	২০-০৯-১৪	১১,০০০-২০,৩৭০/- জাঃবেঃস্কেঃ/০৯	১২,০০০-২১,৬০০/- জাঃবেঃস্কেঃ/০৯
(৭)	জনাব হাসান মাহমুদ প্রশাসনিক কর্মকর্তা	প্রশাসনিক কর্মকর্তা ২০-০৯-০৬	১৯-০৯-১৪	২০-০৯-১৪	১১,০০০-২০,৩৭০/- জাঃবেঃস্কেঃ/০৯	১২,০০০-২১,৬০০/- জাঃবেঃস্কেঃ/০৯
(৮)	জনাব মোঃ আব্দুল কাদের প্রশাসনিক কর্মকর্তা	প্রশাসনিক কর্মকর্তা ২০-০৯-০৬	১৯-০৯-১৪	২০-০৯-১৪	১১,০০০-২০,৩৭০/- জাঃবেঃস্কেঃ/০৯	১২,০০০-২১,৬০০/- জাঃবেঃস্কেঃ/০৯
(৯)	জনাব মোঃ ওয়াহেদ আলী প্রশাসনিক কর্মকর্তা	প্রশাসনিক কর্মকর্তা ২০-০৯-০৬	১৯-০৯-১৪	২০-০৯-১৪	১১,০০০-২০,৩৭০/- জাঃবেঃস্কেঃ/০৯	১২,০০০-২১,৬০০/- জাঃবেঃস্কেঃ/০৯
(১০)	জনাব মোঃ হাফিজুর রহমান প্রশাসনিক কর্মকর্তা	প্রশাসনিক কর্মকর্তা ২০-০৯-০৬	১৯-০৯-১৪	২০-০৯-১৪	১১,০০০-২০,৩৭০/- জাঃবেঃস্কেঃ/০৯	১২,০০০-২১,৬০০/- জাঃবেঃস্কেঃ/০৯
(১১)	জনাব মোঃ হাসান আলী প্রশাসনিক কর্মকর্তা	প্রশাসনিক কর্মকর্তা ২০-০৯-০৬	১৯-০৯-১৪	২০-০৯-১৪	১১,০০০-২০,৩৭০/- জাঃবেঃস্কেঃ/০৯	১২,০০০-২১,৬০০/- জাঃবেঃস্কেঃ/০৯
(১২)	জনাব মোঃ তোফাজ্জল হোসেন প্রশাসনিক কর্মকর্তা	প্রশাসনিক কর্মকর্তা ২০-০৯-০৬	১৯-০৯-১৪	২০-০৯-১৪	১১,০০০-২০,৩৭০/- জাঃবেঃস্কেঃ/০৯	১২,০০০-২১,৬০০/- জাঃবেঃস্কেঃ/০৯
(১৩)	জনাব মোঃ আইয়ুব আলী প্রশাসনিক কর্মকর্তা	প্রশাসনিক কর্মকর্তা ২০-০৯-০৬	১৯-০৯-১৪	২০-০৯-১৪	১১,০০০-২০,৩৭০/- জাঃবেঃস্কেঃ/০৯	১২,০০০-২১,৬০০/- জাঃবেঃস্কেঃ/০৯

আদেশক্রমে

মোহাম্মদ নজরুল ইসলাম
ডেপুটি রেজিস্ট্রার-১।

বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেলের কার্যালয়

অফিস আদেশাবলী

তারিখ, ২৬ ফেব্রুয়ারি ২০১৫

নং সিএজি/জিবি-২/১০৭/পার্ট-৩৬/২৩৫—জনাব মোঃ হাবিবুর রহমান, উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, পুঠিয়া, রাজশাহী এর জন্ম তারিখ ২০-১২-১৯৫৫ খ্রিঃ। তাঁর বয়স ১৯-১২-২০১৪ খ্রিঃ তারিখে ৫৯ বৎসর পূর্ণ হয়েছে। উক্ত তারিখে সরকারী বিধি মোতাবেক তাঁর অবসর গ্রহণ কার্যকর হয়েছে বিধায় তাঁর আবেদনের প্রেক্ষিতে তাঁকে ২০-১২-২০১৪ খ্রিঃ তারিখ হইতে ১৯-১২-২০১৫ খ্রিঃ তারিখ পর্যন্ত পূর্ণ গড় বেতনে ১২ (বার) মাস অবসর-উত্তর ছুটির মঞ্জুরী আদিষ্ট হইয়া জারী করা হলো।

তারিখ, ৮ মার্চ ২০১৫

নং সিএজি/জিবি-২/ডেপু-৬৩৪/পার্ট-২০/২৩৬—জনাব মঈনুদ্দীন আহম্মদকে DMTBF প্রকল্পের ২৬-০২-২০১৫ খ্রিঃ তারিখের ডিএমটিবিএফ/জনবল/০১(পার্ট-০২)/২০১৪-১৫/৪২৯ নং অফিস আদেশের মাধ্যমে বর্ণিত প্রকল্পের একাউন্টস অফিসার এর প্রেষণ পদ হতে গত ২৬-০২-২০১৫ খ্রিঃ তারিখ অপরাহ্নে অব্যাহতি প্রদান করা হয়েছে। তিনি বর্ণিত অফিস আদেশের সূত্রে গত ২৭ ও ২৮ ফেব্রুয়ারি সাপ্তাহিক ছুটি থাকায় যথানিয়মে ০১-০৩-২০১৫ খ্রিঃ তারিখ পূর্বাহ্নে এ কার্যালয়ে যোগদানের নিমিত্ত যোগদানপত্র দাখিল করেছেন।

২। এমতাবস্থায় তাঁর যোগদানপত্র যোগদানকৃত তারিখ [০১-০৩-২০১৫] ও সময় [পূর্বাহ্ন] হতে গ্রহণ করতঃ তাঁকে নির্দেশক্রমে সিএজি কার্যালয়ে (রিজার্ভ) পদে পদস্থাপন করা হল।

নং সিএজি/জিবি-২/ডেপু-৬৩৪/পার্ট-২০/২৩৭—জনাব মোঃ আশফাকুল ইসলামকে DMTBF প্রকল্পের ২৬-০২-২০১৫ খ্রিঃ তারিখের ডিএমটিবিএফ/জনবল/০১(পার্ট-০২)/২০১৪-১৫/৪২৯ নং অফিস আদেশের মাধ্যমে বর্ণিত প্রকল্পের একাউন্টস অফিসার এর প্রেষণ পদ হতে গত ২৬-০২-২০১৫ খ্রিঃ তারিখ অপরাহ্নে অব্যাহতি প্রদান করা হয়েছে। তিনি বর্ণিত অফিস আদেশের সূত্রে গত ২৭ ও ২৮ ফেব্রুয়ারি সাপ্তাহিক ছুটি থাকায় যথানিয়মে ০১-০৩-২০১৫ খ্রিঃ তারিখ পূর্বাহ্নে এ কার্যালয়ে যোগদানের নিমিত্ত যোগদানপত্র দাখিল করেছেন।

২। এমতাবস্থায় তাঁর যোগদানপত্র যোগদানকৃত তারিখ [০১-০৩-২০১৫] ও সময় [পূর্বাহ্ন] হতে গ্রহণ করতঃ তাঁকে নির্দেশক্রমে সিএজি কার্যালয়ে (রিজার্ভ) পদে পদস্থাপন করা হল।

নং সিএজি/জিবি-২/ডেপু-৬৩৪/পার্ট-২০/২৩৮—জনাব শিমুল কান্তি সাহাকে DMTBF প্রকল্পের ২৬-০২-২০১৫ খ্রিঃ তারিখের ডিএমটিবিএফ/জনবল/০১(পার্ট-০২)/২০১৪-১৫/৪২৯ নং অফিস আদেশের মাধ্যমে বর্ণিত প্রকল্পের একাউন্টস অফিসার এর প্রেষণ পদ হতে গত ২৬-০২-২০১৫ খ্রিঃ তারিখ অপরাহ্নে অব্যাহতি প্রদান করা হয়েছে। তিনি বর্ণিত অফিস আদেশের সূত্রে গত ২৭ ও ২৮ ফেব্রুয়ারি সাপ্তাহিক ছুটি থাকায় যথানিয়মে ০১-০৩-২০১৫ খ্রিঃ তারিখ পূর্বাহ্নে এ কার্যালয়ে যোগদানের নিমিত্ত যোগদানপত্র দাখিল করেছেন।

২। এমতাবস্থায় তাঁর যোগদানপত্র যোগদানকৃত তারিখ [০১-০৩-২০১৫] ও সময় [পূর্বাহ্ন] হতে গ্রহণ করতঃ তাঁকে নির্দেশক্রমে সিএজি কার্যালয়ে (রিজার্ভ) পদে পদস্থাপন করা হল।

তারিখ, ১০ মার্চ ২০১৫

নং সিএজি/জিবি-২/১০৭/পার্ট-৩৮/২৪১—জনাব মোঃ নুরুল ইসলাম, উপ-সহকারী অর্থ নিয়ন্ত্রক, এফ পি ও, সিগন্যাল, যশোর সেনানিবাস, যশোর এর জন্ম তারিখ ১৩-০৩-১৯৫৬ খ্রিঃ। তাঁর বয়স ১২-০৩-২০১৫ খ্রিঃ তারিখ ৫৯ বৎসর পূর্ণ হবে। উক্ত তারিখে সরকারী বিধি মোতাবেক তাঁর অবসর গ্রহণ কার্যকর হবে বিধায় তাঁর আবেদনের প্রেক্ষিতে তাঁকে ১৩-০৩-২০১৫ খ্রিঃ তারিখ হতে ১২-০৩-২০১৬ খ্রিঃ তারিখ পর্যন্ত পূর্ণ গড় বেতনে ১২ (বার) মাস অবসর-উত্তর ছুটির মঞ্জুরী আদিষ্ট হইয়া জারী করা হলো।

নং সিএজি/জিবি-২/১০৭/পার্ট-৩৯/২৪২—জনাব সাইদা আক্তার খান, নিরীক্ষা ও হিসাব রক্ষণ অফিসার, সিভিল অডিট অধিদপ্তর, ঢাকা এর জন্ম তারিখ ১৬-০৩-১৯৫৬ খ্রিঃ। তাঁর বয়স ১৫-০৩-২০১৫ খ্রিঃ তারিখ ৫৯ বৎসর পূর্ণ হবে। উক্ত তারিখে সরকারী বিধি মোতাবেক তাঁর অবসর গ্রহণ কার্যকর হবে বিধায় তাঁর আবেদনের প্রেক্ষিতে তাঁকে ১৬-০৩-২০১৫ খ্রিঃ তারিখ হতে ১৫-০৩-২০১৬ খ্রিঃ তারিখ পর্যন্ত পূর্ণ গড় বেতনে ১২ (বার) মাস অবসর-উত্তর ছুটির মঞ্জুরী আদিষ্ট হইয়া জারী করা হলো।

তারিখ, ১৮ মার্চ ২০১৫

নং সিএজি/জিবি-২/ডেপু-৬৩৪/পার্ট-২২/২৪৬—জনাব হেলাল উদ্দিন, উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, রামু, কক্সবাজারকে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ৩-৩-২০১৫ খ্রিঃ তারিখের ০৫.১৩২.০১৯.০০.০০.০১০.২০১৩-১২৭ নম্বর প্রজ্ঞাপনের মাধ্যমে পানি সম্পদ মন্ত্রণালয়ের হিসাব রক্ষণ কর্মকর্তা পদে প্রেষণে নিয়োগের লক্ষ্যে তাকে বদলীপূর্বক তার চাকরি পানি সম্পদ মন্ত্রণালয়ে ন্যস্ত করা হয়েছে।

২। এমতাবস্থায়, তাকে প্রেষণে বদলীকৃত কর্মস্থলে যোগদানের জন্য ৭-৪-২০১৫ তারিখ অপরাহ্নে আদিষ্ট হয়ে অব্যাহতি প্রদান করা হলো।

৩। প্রেষণে কর্মরত থাকাকালীন সময়ে সংশ্লিষ্ট কর্মকর্তার ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী প্রযোজ্য হবেঃ

(ক) সংশ্লিষ্ট কর্মকর্তার চাকুরি প্রেষণে পদস্থাপিত অফিসে সাধারণভাবে ৩(তিন) বৎসরের জন্য বহাল থাকবে;

(খ) সরকারী কাজের স্বার্থে কর্তৃপক্ষ তাকে যে কোন সময় এই বিভাগে ফেরত আনতে পারবে;

(গ) সংশ্লিষ্ট কর্মকর্তা সরকার কর্তৃক অনুমোদিত বেতন ভাতাদি ও অন্যান্য আর্থিক সুবিধাদি প্রাপ্য হবেন;

(ঘ) এ কার্যালয়ের পূর্বানুমতি ব্যতিরেকে তার পদবী, পদমর্যাদা, দায়িত্ব বা কর্তব্য পরিবর্তন করা যাবে না।

নং সিএজি/জিবি-২/১০৭/পার্ট-৩৬/২৪৭—জনাব আব্দুল আউয়াল শরীফ, নিরীক্ষা ও হিসাব রক্ষণ অফিসার, সিএও, বস্ত্র ও পাট মন্ত্রণালয় এর জন্ম তারিখ ১০-০৩-১৯৫৬ খ্রিঃ। তাঁর বয়স ০৯-০৩-২০১৫ খ্রিঃ তারিখে ৫৯ বৎসর পূর্ণ হয়েছে। উক্ত তারিখে সরকারী বিধি মোতাবেক তাঁর অবসর গ্রহণ কার্যকর হয়েছে বিধায় তাঁর আবেদনের প্রেক্ষিতে তাঁকে ১০-০৩-২০১৫ খ্রিঃ তারিখ হতে ০৯-০৩-২০১৬ খ্রিঃ তারিখ পর্যন্ত পূর্ণ গড় বেতনে ১২ (বার) মাস অবসর-উত্তর ছুটির মঞ্জুরী আদিষ্ট হইয়া জারী করা হলো।

এস এম রেজভী
অতিঃ উপ-মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক (প্রশাসন)।

বিভাগীয় কমিশনারের কার্যালয়

ঢাকা বিভাগ

প্রজ্ঞাপনসমূহ

তারিখ, ২৩ মাঘ ১৪২১/৫ ফেব্রুয়ারি ২০১৫

নং ৩১.১০১.০১৯.০১.০০.০০১.২০১৩-৬৭—বিসিএস (প্রশাসন) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাকে সহকারী কমিশনার (ভূমি) হিসেবে নিম্নোক্ত ছকের ৪নং কলামে উল্লিখিত কর্মস্থলে বদলি করা হলো ঃ

ক্রমিক নং	কর্মকর্তার নাম ও পরিচিতি নং	কর্মকর্তার পদবী ও বর্তমান কর্মস্থল	বদলিকৃত কর্মস্থল
১	২	৩	৪
(১)	বেগম শাহীনা পারভীন পরিচিতি নং-১৬৪৬৪ নিজ জেলা-শরীয়তপুর	সহকারী কমিশনার (ভূমি) উপজেলা ভূমি অফিস, ফুলপুর, ময়মনসিংহ	সহকারী কমিশনার (ভূমি) উপজেলা ভূমি অফিস, সিরাজদীখান, মুন্সীগঞ্জ

২। বর্ণিত কমকর্তা আগামী ৮-২-২০১৫ তারিখে বদলিকৃত কর্মস্থলে যোগদান করবেন।

৩। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো।

তারিখ, ২৬ মাঘ ১৪২১/৮ ফেব্রুয়ারি ২০১৫

নং ৩১.১০১.০১৯.০১.০০.০০১.২০১৩-৭৫—বিসিএস (প্রশাসন) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাকে সহকারী কমিশনার (ভূমি) হিসেবে নিম্নোক্ত ছকের ৪নং কলামে উল্লিখিত কর্মস্থলে বদলি করা হলো।

ক্রমিক নং	কর্মকর্তার নাম ও পরিচিতি	কর্মকর্তার পদবী ও বর্তমান কর্মস্থল	বদলিকৃত কর্মস্থল
১	২	৩	৪
(১)	জনাব খান মোঃ নাজমুস শোয়েব পরিচিতি নং-১৬০৭৬ নিজ জেলা-বগুড়া	সহকারী কমিশনার (ভূমি) উপজেলা ভূমি অফিস, মনোহরদী, নরসিংদী	সহকারী কমিশনার (ভূমি) উপজেলা ভূমি অফিস, পলাশ, নরসিংদী

২। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ, ৬ ফাল্গুন ১৪২১/১৮ ফেব্রুয়ারি ২০১৫

নং ৩১.১০১.০১৯.০১.০০.০০১.২০১৩-৯৬—বিসিএস (প্রশাসন) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাকে সহকারী কমিশনার (ভূমি) হিসেবে নিম্নোক্ত ছকের ৪নং কলামে উল্লিখিত কর্মস্থলে বদলি করা হলো।

ক্রমিক নং	কর্মকর্তার নাম ও পরিচিতি	কর্মকর্তার পদবী ও বর্তমান কর্মস্থল	বদলিকৃত কর্মস্থল
১	২	৩	৪
(১)	জনাব মোঃ জিয়াউর রহমান পরিচিতি নং-১৬৩১০ নিজ জেলা-সাতক্ষীরা	সহকারী কমিশনার (ভূমি) উপজেলা ভূমি অফিস, গফরগাঁও, ময়মনসিংহ	সহকারী কমিশনার (ভূমি) উপজেলা ভূমি অফিস, নড়িয়া, শরীয়তপুর

২। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

জি. এম. সালেহ্ উদ্দীন
অতিরিক্ত কমিশনার (রাজস্ব)।

মাঠ প্রশাসন শাখা

অফিস আদেশ

তারিখ, ২১ ফাল্গুন ১৪২১/৫ মার্চ ২০১৫

নং ০৫.৪১.৩০০০.০১৩.১৮.১১২.১২-১৬৬—জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৩ ফেব্রুয়ারি ২০১৫ তারিখের ০৫.০০.০০০০.১২১.১৯.০৬১.১৪-৭৯নং প্রজ্ঞাপনমূলে ফকির মুহাম্মদ মুনাওয়ার হোসেন (১৫৯৬৬), সিনিয়র সহকারী সচিব, সচিবালয় শাখায় ন্যস্তকে পরিকল্পনা কমিশনের ভারপ্রাপ্ত সদস্য জনাব এ এম সামসুদ্দিন আজাদ চৌধুরী-এর একান্ত সচিব (সিনিয়র সহকারী সচিব) হিসেবে বদলি করায় বদলিকৃত কর্মস্থলে যোগদানের নিমিত্ত তাকে এ কার্যালয় হতে ৫ মার্চ ২০১৫ তারিখ অপরাহ্নে অবমুক্ত করা হলো। তিনি তার দায়িত্বভার ছুটিকালীন প্রতিভূ জনাব মোহাম্মদ শাহাদাত হোসেন (১৬৪৫১), সহকারী কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা এর নিকট অর্পণ করবেন।

মোঃ শহীদুল ইসলাম
অতিরিক্ত কমিশনার (সার্বিক)
(ভারপ্রাপ্ত)।

বিভাগীয় কমিশনার অফিস, চট্টগ্রাম
রাজস্ব শাখা

প্রজ্ঞাপন

তারিখ, ৩ মার্চ ২০১৫

নং ০০.৪২.০০০.২১.২৯.০০১.২০১৫-২১২—পুনারাদেশ না দেয়া পর্যন্ত নিম্নবর্ণিত কানুনগোকে তার নামের পার্শ্বে বর্ণিত কর্মস্থলে নিয়োগ/বদলি করা হলঃ

জনাব মোঃ দিদারুল আলম, কানুনগো, উপজেলা ভূমি অফিস, মহালছড়ি, খাগড়াছাড়ি পার্বত্য জেলা—উপজেলা ভূমি অফিস, মাটিরাঙ্গা, খাগড়াছাড়ি পার্বত্য জেলা।

২। এ আদেশ জনস্বার্থে জারি করা হল এবং তা অবিলম্বে কার্যকর হবে।

মোঃ খলিলুর রহমান
অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব)।

বিভাগীয় কমিশনারের কার্যালয়
রাজশাহী বিভাগ, রাজশাহী
(রাজস্ব শাখা)

প্রজ্ঞাপনসমূহ

তারিখ, ১ মার্চ ২০১৫

নং ০৫.৪৩.০০০০.০১১.২৬.০০২.১৫-২৪৯—এ বিভাগে কর্মরত নিম্নবর্ণিত কানুনগোকে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত তার নামের পার্শ্বে বর্ণিত কর্মস্থলে সমপদে বদলি/পদায়ন করা হলোঃ

জনাব মোঃ হাবিবুর রহমান, কানুনগো, উপজেলা ভূমি অফিস, সাপাহার, নওগাঁ—উপজেলা ভূমি অফিস, মোহনপুর, রাজশাহী।

২। বদলীকৃত কানুনগো আগামী ৫-৩-২০১৫ তারিখের মধ্যে কর্মস্থল থেকে অবমুক্ত হবেন। অন্যথায় উক্ত তারিখ অপরাহ্নে তাৎক্ষণিক অবমুক্ত বলে গণ্য হবেন।

৩। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

তারিখ, ৩ মার্চ ২০১৫

নং ০৫.৪৩.০০০০.০১১.০১.০০১.১৫-২৫১—বিসিএস (প্রশাসন) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাকে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত তার নামের পার্শ্বে বর্ণিত কর্মস্থলে সহকারী কমিশনার (ভূমি) হিসেবে বদলি/পদায়ন করা হলোঃ

> জনাব মোঃ আলমগীর কবির, পরিচিতি নং-(১৬৪৭০), নিজ জেলা-লালমনিরহাট, উপজেলা ভূমি অফিস, গোদাগাড়ী, রাজশাহী—থানা ভূমি অফিস, বোয়ালিয়া, রাজশাহী।

২। বর্ণিত কর্মকর্তাকে তার নিজ এখতিয়ারাধীন এলাকায় সার্টিফিকেট মামলা পরিচালনার নিমিত্ত ১৯১৩ সনের পি.ডি.আর এ্যাক্টের ৩(৩) ধারা মোতাবেক সার্টিফিকেট অফিসারের ক্ষমতা প্রদান করা হলো।

৩। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

হেলালুদ্দীন আহমদ
বিভাগীয় কমিশনার।

(মাঠ প্রশাসন শাখা)

প্রজ্ঞাপন

তারিখ, ২৩ ফেব্রুয়ারি ২০১৫

নং ০৫.৪৩.০০০০.০১২.৩৩.০০১.১৪-২৫৮—জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৮-১-২০১৫ তারিখের ০৫.০০.০০০০.১৪১.১৯.০০৩.১৫-০৮ নং প্রজ্ঞাপনমূলে নিম্নবর্ণিত কর্মকর্তাকে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত তার নামের পাশে বর্ণিত কর্মস্থলে উপজেলা নির্বাহী অফিসার হিসেবে পদায়ন করা হল:

> জনাব মোঃ নজরুল ইসলাম (১৬০৮২), নিজ জেলা: পাবনা, উপজেলা নির্বাহী অফিসার হিসেবে পদায়নের জন্য বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহীতে ন্যস্ত—উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, লালপুর, নাটোর।

২। পদায়নকৃত কর্মকর্তাকে ২৪-২-২০১৫ তারিখ অপরাহ্নে এ কার্যালয় থেকে অবমুক্ত করা হল। উল্লেখ্য, তিনি এ কার্যালয় থেকে কোন বেতন ভাতা গ্রহণ করেননি।

৩। পদায়িত কর্মকর্তা উপজেলা নির্বাহী অফিসার হিসেবে নিজ অধিক্ষেত্রে উপজেলা এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটের দায়িত্ব পালন করবেন এবং ফৌজদারী কার্যবিধি, ১৮৯৮-এর ১৪৪ ধারার ক্ষমতা প্রয়োগ করবেন।

৪। জনস্বার্থে জারিকৃত আদেশ অবিলম্বে কার্যকর হবে।

হেলালুদ্দীন আহমদ
বিভাগীয় কমিশনার।

সাধারণ শাখা

প্রজ্ঞাপন

তারিখ, ২৩ ফেব্রুয়ারি ২০১৫

নং ০৫.৪৩.০০০০.০১২.৩৪.১২২.১৪-২৫৯—রাজশাহী বিভাগে কর্মরত বিসিএস (প্রশাসন) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাকে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত তার নামের পার্শ্বে বর্ণিত কর্মস্থলে সমপদে বদলি করা হল:

> মোসাঃ শুকরিয়া পারভীন (১৬২১০), সহকারী কমিশনার, নিজ জেলা-চাঁপাইনবাবগঞ্জ, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী—বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী।

২। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

হেলালুদ্দীন আহমদ
বিভাগীয় কমিশনার।

(মাঠ প্রশাসন শাখা)

প্রজ্ঞাপন

তারিখ, ০১ মার্চ ২০১৫

নং ০৫.৪৩.০০০০.০১২.৩৪.০০১.১৪-২৯২—জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৪-২-২০১৫ তারিখের ০৫.০০.০০০০.১৩৭.০০.০৪২.১৫-৯৭ নং প্রজ্ঞাপনে এ কার্যালয়ে ন্যস্ত বিসিএস (প্রশাসন) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাকে তার নামের পাশে উল্লিখিত কার্যালয়ে সমপদে পদায়ন করা হল:

> জনাব মুঃ ইকরামুল ইসলাম (১৬০৬৬), সহকারী কমিশনার, নিজ জেলা-চাঁদপুর—জেলা প্রশাসকের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ।

২। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

হেলালুদ্দীন আহমদ
বিভাগীয় কমিশনার।

(রাজস্ব শাখা)

প্রজ্ঞাপনসমূহ

তারিখ, ১৬ মার্চ ২০১৫

নং ০৫.৪৩.০০০০.০১১.২৬.০১৭.১৫-৩০৬—ভূমি মন্ত্রণালয়ের ৩১-৩-২০১১ তারিখের ভূঃমঃ/শা-১২/৩৯/৯০-৩২১ নং স্মারকে প্রদত্ত ক্ষমতাবলে চাঁপাইনবাবগঞ্জ জেলার গোমস্তাপুর উপজেলা ভূমি অফিসে কর্মরত কানুনগো জনাব মোঃ হাবিবুর রহমান এর আবেদন এবং জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জের সুপারিশের প্রেক্ষিতে তাকে ৮০০০-৪৫০×৭-১১১৫০-ইবি-৪৯০×১১-১৬৫৪০/-টাকা বেতন স্কেলে ৩-৫-২০১১ তারিখ হতে দক্ষতাসীমা অতিক্রমের অনুমতি প্রদান করা হলো।

তারিখ, ১৮ মার্চ ২০১৫

নং ০৫.৪৩.০০০০.০১১.০১.০০১.১৫-৩০৯—বিসিএস (প্রশাসন) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাকে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত তার নামের পার্শ্বে বর্ণিত কর্মস্থলে সহকারী কমিশনার (ভূমি) হিসেবে বদলি/পদায়ন করা হলো:

> জনাব মোঃ আবু ওয়াদুদ, পরিচিতি নং-(১৬৪০৬), নিজ জেলা-দিনাজপুর, উপজেলা ভূমি অফিস, বেলকুচি, সিরাজগঞ্জ—উপজেলা ভূমি অফিস, শাহজাদপুর, সিরাজগঞ্জ।

২। বর্ণিত কর্মকর্তাকে তার নিজ এখতিয়ারাধীন এলাকায় সার্টিফিকেট মামলা পরিচালনার নিমিত্ত ১৯১৩ সনের পি.ডি.আর এ্যাক্টের ৩(৩) ধারা মোতাবেক সার্টিফিকেট অফিসারের ক্ষমতা প্রদান করা হলো।

৩। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

হেলালুদ্দীন আহমদ
বিভাগীয় কমিশনার।

বিভাগীয় কমিশনারের কার্যালয়
রংপুর বিভাগ, রংপুর

(সংস্থাপন শাখা)

প্রজ্ঞাপনসমূহ

তারিখ, ৫ মার্চ ২০১৫

নং ০৫.৪৭.০০০০.০০৬.০৮.০০১.১৫-১৪১—জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাঠ প্রশাসন-৫ শাখার প্রজ্ঞাপন নং ০৫.০০.০০০০.১৪১.১৯.০০২.১৫-২৮, তারিখ ৩-৩-২০১৫ মূলে উপজেলা নির্বাহী অফিসার হিসেবে এ কার্যালয়ে যোগদানকৃত বিসিএস (প্রশাসন) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাকে পুনরাদেশ না দেওয়া পর্যন্ত তার নামের পার্শ্বে বর্ণিত উপজেলায় উপজেলা নির্বাহী অফিসার হিসেবে পদায়ন/বদলি করা হলো:

> জনাব মুহাম্মদ শফিকুল ইসলাম (১৬১১৭), উপজেলা নির্বাহী অফিসার হিসেবে পদায়নের জন্য যোগদানকৃত—উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, দেবীগঞ্জ, পঞ্চগড়।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

৩। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

তারিখ, ৯ মার্চ ২০১৫

নং ০৫.৪৭.০০০০.০০৬.০৮.০০৩.১৫-১৪৫—প্রশাসনিক কারণে বিসিএস (প্রশাসন) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাকে পুনরাদেশ না দেওয়া পর্যন্ত তার নামের পার্শ্বে বর্ণিত কর্মস্থলে পদায়ন/বদলি করা হলো:

ক্র: নং	কর্মকর্তার নাম ও পদবী	নিজ জেলা	বদলিকৃত কর্মস্থল
১	জনাব মোঃ আবদুল্লাহ আল মামুন তালুকদার (১৬২৯২), সহকারী কমিশনার, জেলা প্রশাসকের কার্যালয়, রংপুর।	টাঙ্গাইল	জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

৩। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

মুহাম্মদ দিলোয়ার বখ্‌ত
বিভাগীয় কমিশনার।

অফিস আদেশ

তারিখ, ১০ মার্চ ২০১৫

নং ০৫.৪৭.০০০০.০০৬.০১.০০৪.১৫-১৪৬—জনপ্রশাসন মন্ত্রণালয়ের ৩ মার্চ ২০১৫ তারিখের ০৫.০০.০০০০.১৪১.১৯.০০২.১৫-২৮ নং প্রজ্ঞাপনের প্রেক্ষিতে জনাব আশাফুর রহমান (১৬০৭৯), সিনিয়র সহকারী কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর বিভাগ, রংপুর কে উপজেলা নির্বাহী অফিসার হিসেবে চট্টগ্রাম বিভাগে ন্যস্ত করায় বদলিকৃত কর্মস্থলে যোগদানের নিমিত্ত ১০-৩-২০১৫ তারিখ অপরাহ্নে বর্তমান কর্মস্থল হতে অবমুক্ত করা হলো।

তিনি তার উপর অর্পিত দায়িত্ব জনাব মো: মহিউদ্দিন জাহাঙ্গীর (১৬৬৮৮), সহকারী কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর বিভাগ, রংপুর-এর নিকট অর্পন করবেন।

মুহাম্মদ দিলোয়ার বখ্‌ত
বিভাগীয় কমিশনার।

প্রজ্ঞাপন

তারিখ, ১৫ মার্চ ২০১৫

নং ০৫.৪৭.০০০০.০০৬.০৮.০০১-১৫৯—জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাঠ প্রশাসন-৫ শাখার প্রজ্ঞাপন নং ০৫.০০.০০০০.১৪১.১৯.০০২.১৫-২৮, তারিখ ৩-৩-২০১৫ মূলে উপজেলা নির্বাহী অফিসার হিসেবে এ কার্যালয়ে যোগদানকৃত বিসিএস (প্রশাসন) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাকে পুনরাদেশ না দেওয়া পর্যন্ত তার নামের পার্শ্বে বর্ণিত উপজেলায় উপজেলা নির্বাহী অফিসার হিসেবে পদায়ন/বদলি করা হলো:

> জনাব মুহাম্মদ আব্দুল হাই মিল্টন (১৬০৮৭), উপজেলা নির্বাহী অফিসার হিসেবে পদায়নের জন্য যোগদানকৃত—উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সুন্দরগঞ্জ, গাইবান্ধা।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

৩। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

মুহাম্মদ দিলোয়ার বখ্‌ত
বিভাগীয় কমিশনার।

বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা

প্রজ্ঞাপন

তারিখ, ৮ মার্চ ২০১৫

নং ০৫.৪৪.০০০০.০০২.১২.০০১.১৫-২৮৬—পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত বিসিএস (প্রশাসন) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাদ্বয়কে তাদের নামের পার্শ্বে বর্ণিত উপজেলা ভূমি অফিসে সহকারী কমিশনার (ভূমি) পদে এতদ্বারা নিয়োগ/বদলি করা হলোঃ

ক্রমিক নং	কর্মকর্তার নাম, পরিচিতি নম্বর, পদবি, নিজ জেলা এবং স্পাউসের জেলা	বর্তমান কর্মস্থল	নিয়োগ/বদলিকৃত কর্মস্থল
১	জনাব মোঃ রফিকুল হাসান (১৬৪৮৯) সহকারী কমিশনার (ভূমি), নিজ জেলা-সাতক্ষীরা, স্পাউসের জেলা-নড়াইল।	উপজেলা ভূমি অফিস, বাগেরহাট সদর, বাগেরহাট	উপজেলা ভূমি অফিস, ডুমুরিয়া, খুলনা
২	জনাব মেহেদী হাসান (১৬৪৯৯) সহকারী কমিশনার (ভূমি), নিজ জেলা-ফরিদপুর স্পাউসের জেলা-পাবনা।	উপজেলা ভূমি অফিস, ডুমুরিয়া, খুলনা	খুলনা সদর ভূমি অফিস, খুলনা

২। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

মোঃ আবদুস সামাদ
বিভাগীয় কমিশনার।

পুলিশ হেডকোয়ার্টার্স

বিজ্ঞপ্তি

তারিখ, ২ মার্চ ২০১৫

নং জিএ/৪-২০১৪(অংশ)/৬৩১—নিম্নবর্ণিত কর্মকর্তাগণ কে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত জনস্বার্থে তাদের নামের পার্শ্বে উল্লিখিত পদে/স্থানে বদলি করা হলো।

(১) জনাব মোহাম্মদ মাহমুদুল কবীর (বিপি-৮১১১১২৭৩৮৩), সহকারী পুলিশ সুপার, রায়গঞ্জ সার্কেল, সিরাজগঞ্জ—সহকারী পুলিশ কমিশনার, ডিএমপি, ঢাকা।

(২) জনাব মোঃ মোতাহার হোসেন (বিপি ৮০১০১২৬৭৯৬), সহকারী পুলিশ সুপার, (সদর), সিরাজগঞ্জ—সহকারী পুলিশ সুপার, রায়গঞ্জ সার্কেল, সিরাজগঞ্জ।

(৩) জনাব আবুল কালাম আজাদ (বিপি ৫৯৮৪০২৯০৮২) সহকারী পুলিশ কমিশনার, ডিএমপি, ঢাকা, বর্তমানে সহকারী পুলিশ সুপার, রেলওয়ে রেঞ্জ ডিআইজি অফিস, ঢাকা হিসেবে বদলির আদেশপ্রাপ্ত—সহকারী পুলিশ সুপার, সিআইডি, ঢাকা।

(৪) জনাব গোপাল চক্রবর্তী (বিপি নং ৬১৮৪০২৮৯৩৪), সহকারী পুলিশ সুপার, দক্ষিণ সার্কেল, সিলেট, বর্তমানে সহকারী পুলিশ সুপার (সদর), চাঁপাইনবাবগঞ্জ হিসেবে বদলির আদেশপ্রাপ্ত—সহকারী পুলিশ কমিশনার, এসএমপি, সিলেট।

(৫) জনাব মোঃ ফোরকান সিকদার, সহকারী পুলিশ সুপার, সদর সার্কেল, সিরাজগঞ্জ, বর্তমানে সহকারী পুলিশ সুপার (সদর), মানিকগঞ্জ হিসেবে বদলির আদেশপ্রাপ্ত—সহকারী পুলিশ সুপার, এ সার্কেল, নারায়ণগঞ্জ।

(৬) জনাব মোঃ আজিম-উল-আহসান (বিপি ৭৭০৮১২১৫৭৮), সিনিয়র সহকারী পুলিশ সুপার, এ সার্কেল, নারায়ণগঞ্জ—সিনিয়র সহকারী পুলিশ সুপার (সদর), মানিকগঞ্জ।

পুলিশ হেডকোয়ার্টার্সের স্মারক নং-জিএ/৪-২০১৩(অংশ-৩)/২৮২৪, তারিখ: ১৯-১০-২০১৪ মোতাবেক জনাব শিরীন সুলতানা (বিপি নং ৭৮০৮১২১৬০৫), সিনিয়র সহকারি পুলিশ সুপার, এসবি, ঢাকা এর সিনিয়র সহকারি পুলিশ সুপার, নৌ পুলিশ, ঢাকা হিসেবে এবং জনাব মিজানুর রহমান (২) (বিপি নং ৬৫৮৯০৪৬৮২৬), সহকারি পুলিশ সুপার, এসবি, ঢাকা এর সহকারি পুলিশ সুপার, বিপিএ, সারদা, রাজশাহী হিসেবে বদলির আদেশ এতদ্বারা বাতিল করা হলো।

পুলিশ হেডকোয়ার্টার্সের স্মারক নং-জিএ/২-২০১৫(অংশ)/৩৬৭, তারিখ: ৭-২-২০১৫ মোতাবেক জনাব মুহাম্মদ মাহবুবুর রহমান (বিপি নং ৭৩০৩০২০৮৩৫), অতিরিক্ত পুলিশ সুপার, ৭ম এপিবিএন, ঢাকা এর অতিরিক্ত পুলিশ সুপার, র‌্যাব হিসেবে বদলির আদেশ এবং জনাব মোঃ রাজীব ফরহান (বিপি ৮২১০১২৬৮২৭), সহকারি পুলিশ সুপার, এপিবিএন সদর দপ্তর, ঢাকা এর সহকারি পুলিশ সুপার, র‌্যাব হিসেবে বদলির আদেশ এতদ্বারা বাতিল করা হলো।

পুলিশ হেডকোয়ার্টার্সের স্মারক নং-জিএ/৪-২০১৪/৪২৫, তারিখ: ১১-২-২০১৫ মোতাবেক জনাব মোঃ আহসান খান (বিপি ৮২১৩১৫৯৩৯৫), সহকারি পুলিশ কমিশনার, ডিএমপি, ঢাকা এর সহকারি পুলিশ সুপার, র‌্যাব হিসেবে বদলির আদেশ এতদ্বারা বাতিল করা হলো।

পুলিশ হেডকোয়ার্টার্সের স্মারক নং-জিএ/২-২০১৩(অংশ-১)/৩২৪৯, তারিখ: ২৬-১১-২০১৪ মোতাবেক জনাব মোল্লা আজাদ হোসেন (বিপি ৭৯০৮১২১৬৩১), সিনিয়র সহকারি পুলিশ কমিশনার, কেএমপি, খুলনা এর সিনিয়র সহকারি পুলিশ কমিশনার, বিএমপি, বরিশাল হিসেবে বদলির আদেশ এতদ্বারা বাতিল করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

এ কে এম শহীদুল হক, বিপিএম, পিপিএম
ইন্সপেক্টর জেনারেল।

জেলা প্রশাসকের কার্যালয়, রংপুর

(এল, এ শাখা)

অধিগ্রহণ মামলা নং-০৫/২০১০-২০১১

ফরম "ঘ"

(৫নং বিধি দ্রষ্টব্য)

ঘোষণা

[১১ (২) ধারা মোতাবেক]

যেহেতু, এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হইয়াছে যে, নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করিতে হইবে এবং তদনুযায়ী ১৯৮২ সনের স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল অধ্যাদেশ (১৯৮২ সনের ২ নং অধ্যাদেশ)-এর ১০ ধারা অনুসারে উহার ক্ষতিপূরণ প্রদান করা হইয়াছে অথবা ক্ষতিপূরণ প্রদান করা হইবে বলিয়া গণ্য করা হইয়াছে।

সেহেতু, এক্ষণে উক্ত অধ্যাদেশের ১১ ধারার (২) উপধারা অনুযায়ী আমি ঘোষণা করিতেছি যে, উক্ত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হইল এবং ইহা সর্ব প্রকার দায় দায়িত্ব মুক্ত হইয়া সরকারের উপর অর্পিত হইল।

তফসিল

মৌজা ঃ রাধাবল্লভ, উপজেলা ঃ রংপুর সদর, জেলা ঃ রংপুর।

এস এ খতিয়ান নং	এস, এ দাগ নং	দাগে মোট জমির পরিমাণ (একরে)	অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে)
৬৮৭	৪৩০৮ (আংশিক)	০.০৩২৫	০.০০৭০
৬৮৯	৪৩০৯ (আংশিক)	০.০২১৯	০.০০৬৬
৭৩৬	৪৩১০ (আংশিক)	০.০৪১৯	০.০১৪২
৭৩৭	৪৩১১ (আংশিক)	০.১২৯৪	০.০১৮৭
৬৮৫	৪৩২৫ (আংশিক)	০.০৭৭৫	০.০১৬০
৬৮৫	৪৩২৮ (আংশিক)	০.০৯৭৫	০.০২৫৫
৭৯১	৪৩২৯ (আংশিক)	০.১৪	০.০১৩০
৫৪৫	৪৩৭৫ (আংশিক)	০.১৩৬২	০.০৩০৫
৭৫৭	৪৩৭৬ (আংশিক)	০.০৯১৩	০.০১৭৬
০১	৪৪০৩ (আংশিক)	০.১০১৩	০.০১০২
০১	৪৪২৯ (আংশিক)	০.০০৪০	০.০০৪০
০১	৪৩৯৬ (আংশিক)	০.২১৬৬	০.০২৮০
০১	৪৩০১ (আংশিক)	০.০১১৯	০.০১১৯
০১	৪৮৩০ (পূর্ণ)	০.০০৮০	০.০০৮০
০১	৪৭৪১ (আংশিক)	০.৩৭৫০	০.০৪৬৪

এস এ খতিয়ান নং	এস, এ দাগ নং	দাগে মোট জমির পরিমাণ (একরে)	অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে)
০১	৪৪৩৬ (আংশিক)	০.০৩১০	০.০০৬৪
০১	৪১৪২ (আংশিক)	০.০০৪৪	০.০০৩১
০১	৪১৪১ (আংশিক)	০.০২১০	০.০১২০
০১	৪১৪০ (আংশিক)	০.০০৫০	০.০০৪৮
০১	৪৩০৭ (আংশিক)	০.০৫৬৪	০.০০২০
০১	৪৪২২ (আংশিক)	০.০৪২০	০.০০২৬
০১	৪৪২১ (আংশিক)	০.০১০০	০.০০৯৪
০১	৪৪২৪ (আংশিক)	০.৭০	০.০০৬৮
০১	৪৭৪০ (আংশিক)	০.০০৬৫	০.০০৬০
০১	৪৭৩৮ (আংশিক)	০.০৩৪৫	০.০৩৪৫
০১	৪৪২৩ (পূর্ণ)	০.০০৫৪	০.০০৫৪
০১	৪২৯৩ (আংশিক)	০.০১২৫	০.০০৬০
০১	৪৭৩৭ (আংশিক)	০.১৪৩৬	০.০৭১৮
০১	৪৩০২ (আংশিক) ৪৪২০	০.৪০	০.০০২৯
০১	৪৩০৪ (আংশিক)	০.০১৭০	০.০১৪৭
০১	৪৪৩৭ (পূর্ণ)	০.০০৫১	০.০০৫১
৬৪৩	৪৩৯১ (আংশিক)	০.০৮৩৭	০.০০৬৮
৬৪৩	৪৩৯৩ (আংশিক)	০.০৭৩৭	০.০১১২
৭৬৭	৪৩৯০ (আংশিক)	০.২২৩১	০.০২২১
৬৪৪	৪৩৯৪ (পূর্ণ)	০.০১৩৮	০.০১৩৮
৬০০	৪৩৯৫ (আংশিক)	০.০৭৯৫	০.০১৪৪
৩২১	৪৭৬৮ (আংশিক)	০.৩৫৭৯	০.০৩৯৩
৭৮৯	৪৭৮৭ (পূর্ণ)	০.০০২৫	০.০০২৫
৭৮৯	৪৭৮৮ (আংশিক)	০.০২৩১	০.০১৬৪
৭৮৯	৪৭৮৬ (আংশিক)	০.৩২২৫	০.০০৯৫
৬০১	৪৮২৭ (আংশিক)	০.১২৬২	০.০২৩৬
৫৮৯	৪৭৩৩ (আংশিক)	০.৫৮৭৩	০.০১৮৪
৫৯০	৪৭৩৬ (আংশিক)	০.০১৬২	০.০০৭৫
৭৪৯	৪৭৩৪ (আংশিক) ৪৭৩৫ (আংশিক)	০.০২৫০ ০.০০৩৩	০.০১৮২ ০.০০২৭
৫৩	৪৭২৭ (আংশিক)	০.০২৬৩	০.০১৯১
৮১	৪২৬২ (আংশিক)	০.০৩৫৬	০.০০৭৬
১৭৪৭	৪২৬৩ (আংশিক)	০.০৪৪৪	০.০০৯৯
৮২	৪২৬৫ (আংশিক)	০.০৫৩১	০.০১০৫
৮৪	৪২৬৬ (আংশিক) ৪২৬৯ (আংশিক)	০.০৭১৯ ০.০৯৯৪	০.০১১৩ ০.০১০৯
৬১	৪৩০০ (আংশিক)	০.০৭০০	০.০১০৯
৬০	৪২৯৯ (আংশিক)	০.০৯৭৫	০.০১৯৬
৬২	৪২৯৮ (আংশিক)	০.৩৯৫০	০.০১২৭
৭৯, ৮০	৪২৯৬ (আংশিক)	০.১৬৩১	০.০১২৯
১৯৪১	৪৪৩৫ (আংশিক) ৪১৬৭ (আংশিক) ৪৪৩৩ (আংশিক)	০.১৩১০ ০.০৫৫১ ০.০০৩০	০.০০৫৩ ০.০৩০৬ ০.০০৩০
৭৪৪	৪১৬৬ (আংশিক)	০.০৬১৪	০.০১৫১
৫২৬	৪১৬৫ (আংশিক)	০.০০৫৬	০.০০৪১
৭৩০	৪১৬৪ (আংশিক)	০.০২৯০	০.০০৭০
৭২৮	৪১৬৩ (আংশিক)	০.০৯৬৩	০.০২৪৩
৭৭৪	৪১৬১ (আংশিক)	০.০২১৩	০.০১৬১
৭৭১	৪১৪৬ (আংশিক)	০.০১৩৮	০.০১১৫
৭৭২	৪১৪৫ (আংশিক)	০.০১০০	০.০০৫২
৬৮৬	৪১৪৪ (আংশিক)	০.০১৩১	০.০০৭০
৭২৬	৪১৪৩ (আংশিক)	০.০০৮৮	০.০০৪৯

মোট = ০.৯১৭০ একর

সর্বমোট জমির পরিমাণ =০.৯১৭০ একর।

অধিগ্রহণকৃত জমির নক্‌সা রংপুর জেলা প্রশাসকের কার্যালয়ের ভূমি হুকুম দখল শাখায় দেখা যাইতে পারে।

মোস্তাইন বিল্লাহ
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)।

জেলা প্রশাসকের কার্যালয়, পটুয়াখালী
(ভূমি হুকুম দখল শাখা)
এল. এ কেস নং-১০/২০১২-২০১৩
“ফরম-ঘ”
(৫ নং বিধি দ্রষ্টব্য)
ঘোষণা

যেহেতু, নিম্নতফসিল বর্ণিত সম্পত্তি ৪৪/১৯৬১-৬২ নং এল. এ কেস মোতাবেক হুকুম দখল করা হয়েছে;

যেহেতু, তফসিল বর্ণিত সম্পত্তি সহকারী পরিচালক, আঞ্চলিক পাসপোর্ট অফিস, পটুয়াখালী এর অনুকূলে আঞ্চলিক পাসপোর্ট অফিস, পটুয়াখালী নির্মাণের জন্য হস্তান্তরের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে;

সেহেতু, তফসিল বর্ণিত সম্পত্তি ভূমি অধিগ্রহণ ম্যানুয়েল-১৯৯৭ এর ৭৫(ছ) অনুচ্ছেদ মোতাবেক পুনঃগ্রহণ ও হস্তান্তর করলাম।

তফসিল

জেলা ঃ পটুয়াখালী, উপজেলা ঃ পটুয়াখালী, মৌজা ঃ পটুয়াখালী, জে. এল নং-৩৮।

এস. এ. হাল দাগ নং	খতিয়ান নং	দাগে মোট জমি (একরে)	অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে)
৪২৯০	৫৬০	০.৯৪	০.০৩৫০
৪২৯২	৫৬৪	০.৫৮	০.১৭২৫
৪৩১৪	১২১	০.৬১	০.১২২৫
		মোট জমি	০.৩৩০০ একর

অধিগৃহীত জমির নক্সা জেলা প্রশাসকের কার্যালয়, পটুয়াখালী এর এল. এ শাখায় দেখা যেতে পারে।

দেলোয়ার হোসেন মাতুব্বর
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)।

এল. এ কেস নং-০৪/২০১৩-২০১৪
“ফরম-ঘ”
(৫ নং বিধি দ্রষ্টব্য)
ঘোষণা

যেহেতু, নিম্নতফসিল বর্ণিত সম্পত্তি নির্বাহী প্রকৌশলী, সওজ, সড়ক বিভাগ, পটুয়াখালী এর অনুকূলে শহীদ শেখ জামাল সেতু (হাজীপুর সেতু)র কুয়াকাটা প্রান্তের চেইনেজ ১২+৮৯৭ হতে ১৩+০৫০ পর্যন্ত (খেপুপাড়া হতে) সংযোগ সড়ক নির্মাণের জন্য অধিগ্রহণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে এবং স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল অধ্যাদেশ ১৯৮২ (১৯৮২ সনের ২ নং অধ্যাদেশ) এর ১০ ধারা বলে উহার ক্ষতিপূরণ প্রদান করা হয়েছে অথবা ক্ষতিপূরণ প্রদান করা হবে বলে গণ্য করা হয়েছে।

সেহেতু, এক্ষণে, উক্ত অধ্যাদেশের ১১ ধারার (২) উপ-ধারার ক্ষমতাবলে আমি এতদ্বারা ঘোষণা করছি যে, নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি অধিগ্রহণ করা হয়েছে এবং ইহা সর্ব প্রকার দায়-দায়িত্ব মুক্ত হয়ে সরকারের উপর অর্পিত হল।

তফসিল

জেলা ঃ পটুয়াখালী, উপজেলা ঃ কলাপাড়া, মৌজা ঃ নিজামপুর, জে. এল নং-২৫, সিট নং-০১।

এস. এ. হাল দাগ নং	খতিয়ান নং	দাগে মোট জমি (একরে)	অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে)
৭৪৫	২৭৬	২২.৮২	০.৫০
মোট জমি=০.৫০ একর			

অধিগৃহীত জমির নক্সা জেলা প্রশাসকের কার্যালয়, পটুয়াখালী এর এল. এ শাখায় দেখা যেতে পারে।

দেলোয়ার হোসেন মাতুব্বর
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)।

এল. এ কেস নং-০৬/২০১৩-২০১৪
"ফরম-ঘ"
(৫ নং বিধি দ্রষ্টব্য)
ঘোষণা ফরম

যেহেতু, নিম্নতফসিল বর্ণিত সম্পত্তি নির্বাহী প্রকৌশলী, সওজ, সড়ক বিভাগ, পটুয়াখালী এর অনুকূলে শহীদ শেখ কামাল সেতু (খেপুপাড়া সেতু)র কুয়াকাটা প্রান্তের চেইনেজ ০+২৫৩ হতে ০+৪৭৬ পর্যন্ত (খেপুপাড়া হতে) সংযোগ সড়ক নির্মাণের জন্য অধিগ্রহণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে এবং স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল অধ্যাদেশ ১৯৮২ (১৯৮২ সনের ২ নং অধ্যাদেশ) এর ১০ ধারাবলে উহার ক্ষতিপূরণ প্রদান করা হয়েছে অথবা ক্ষতিপূরণ প্রদান করা হবে বলে গণ্য করা হয়েছে।

সেহেতু, এক্ষণে উক্ত অধ্যাদেশের ১১ ধারার (২) উপ-ধারার ক্ষমতাবলে আমি এতদ্বারা ঘোষণা করছি যে, নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি অধিগ্রহণ করা হয়েছে এবং ইহা সর্ব প্রকার দায়-দায়িত্ব মুক্ত হয়ে সরকারের উপর অর্পিত হল।

তফসিল

জেলা ঃ পটুয়াখালী, উপজেলা ঃ কলাপাড়া, মৌজা ঃ নীলগঞ্জ, জে. এল নং-০৫, সিট নং-০১।

এস. এ. হাল দাগ নং	খতিয়ান নং	দাগে মোট জমি (একরে)	অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে)
২৫৯	২	১.২৬	০.৬০
২৬০	১	১.০০	০.১০
২৬৭	১১০/২	০.৭৬	০.০৬
২৬৮	১	০.১১	০.০২
২৬৯	২	০.২২	০.১০
২৭০	২	০.৬৭	০.০২
২৭১	২০০/২০১	০.৯২	০.১০
৪৯২	২০০/২০১	০.১৯	০.০২
৪৯৬	২০০/২০১	৩.৫৮	০.০৩
		মোট জমি	১.০৫ একর

অধিগৃহীত জমির নক্সা জেলা প্রশাসকের কার্যালয়, পটুয়াখালী এর এল. এ শাখায় দেখা যেতে পারে।

দেলোয়ার হোসেন মাতুব্বর
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)।

এল. এ কেস নং-০১/২০১৪-২০১৫
"ফরম-ঘ"
(৫ নং বিধি দ্রষ্টব্য)
ঘোষণা

যেহেতু, নিম্নতফসিল বর্ণিত সম্পত্তি সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, পটুয়াখালী এর অনুকূলে দশমিনা-পটুয়াখালী ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপনের জন্য অধিগ্রহণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে এবং স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল অধ্যাদেশ ১৯৮২ (১৯৮২ সনের ২ নং অধ্যাদেশ) এর ১০ ধারাবলে উহার ক্ষতিপূরণ প্রদান করা হয়েছে অথবা ক্ষতিপূরণ প্রদান করা হবে বলে গণ্য করা হয়েছে।

সেহেতু, এক্ষণে উক্ত অধ্যাদেশের ১১ ধারার (২) উপ-ধারার ক্ষমতাবলে আমি এতদ্বারা ঘোষণা করছি যে, নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি অধিগ্রহণ করা হয়েছে এবং ইহা সর্ব প্রকার দায়-দায়িত্ব মুক্ত হয়ে সরকারের উপর অর্পিত হল।

তফসিল

জেলা ঃ পটুয়াখালী, উপজেলা ঃ দশমিনা, মৌজা ঃ লক্ষ্মীপুর, জে. এল নং-৮৩।

এস. এ. হাল দাগ নং	খতিয়ান নং	দাগে মোট জমি (একরে)	অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে)
৯০১	১০৩	২.২৭	০.৩৩
		মোট জমি	০.৩৩

অধিগৃহীত জমির নক্সা জেলা প্রশাসকের কার্যালয়, পটুয়াখালী এর এল. এ শাখায় দেখা যেতে পারে।

দেলোয়ার হোসেন মাতুব্বর
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)।

জেলা প্রশাসকের কার্যালয়, বাগেরহাট।
(ভূমি অধিগ্রহণ শাখা)
এল, এ কেস নং-০৮/২০০৯-১০
ফরম "ঘ"
(৫নং বিধি দ্রষ্টব্য)
ঘোষণা
[১১ (২) ধারা মোতাবেক]

যেহেতু, এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, নিম্নে উল্লিখিত তফসিল বর্ণিত সম্পত্তি অধিগ্রহণ করতে হবে এবং তদনুযায়ী ১৯৮২ সনের স্থাবর সম্পত্তি অধিগ্রহণ এবং হুকুম দখল অধ্যাদেশ (১৯৮২ সনের ২নং অধ্যাদেশ) এর ১০ ধারা অনুসারে তার ক্ষতিপূরণ প্রদান করা হয়েছে অথবা ক্ষতিপূরণ প্রদান করা হবে বলে অনুমিত হচ্ছে।

সেহেতু, এক্ষণে উক্ত অধ্যাদেশের ১১ ধারার (২) উপ-ধারার ক্ষমতাবলে আমি এতদ্বারা ঘোষণা করছি যে, উক্ত সম্পত্তি অধিগ্রহণ করা হলো এবং ইহা সর্ব প্রকার দায়-দায়িত্ব মুক্ত হয়ে সরকারের উপর অর্পিত হল।

তফসিল

জেলা বাগেরহাট, উপজেলা মংলা, মৌজা জয়মনিরগোল, জে, এল নং-১৬৪।

দাগ নং	আংশিক/পূর্ণ	জমির পরিমাণ (একরে)
৮৬৯	আংশিক	২.৮৬
৮৮৮	আংশিক	২.৬৪
৮৮৯	আংশিক	০.৯৪
৮৯০	আংশিক	৩.২৮
৮৯২	আংশিক	৫.৭৬
৮৯৩	আংশিক	২.২৪
৮৯৪	আংশিক	৩.৯০
৮৯৫	আংশিক	০.১০

দাগ নং	আংশিক/পূর্ণ	জমির পরিমাণ (একরে)
৮৯৬	আংশিক	৯.১০
৮৯৭	আংশিক	০.০৪
৮৯৮	আংশিক	০.৪২
৯৮৫	আংশিক	০.০৫
৯৮৬	আংশিক	০.১৪
৯৮৯	আংশিক	০.১৬
৯৯০	আংশিক	০.৩০
৯৯১	আংশিক	০.১২
৯৯২	আংশিক	০.২৬
৯৯৩	আংশিক	০.৩১
৯৯৪	আংশিক	০.৬৩
৯৯৯	আংশিক	০.২৬
১০০০	আংশিক	০.২৬
১০০১	আংশিক	০.০৮
১০০২	আংশিক	১.২১
১০০৩	আংশিক	০.০৯
১০০৪	আংশিক	২.০৫
১০০৭	আংশিক	১.১২
১০০৮	আংশিক	২.২৮
১০১১	আংশিক	২.২০

সর্বমোট জমির পরিমাণ ঃ ৪২.৮০ একর কম/বেশী।

মোঃ শফিকুল ইসলাম
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)।

উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সাটুরিয়া, মানিকগঞ্জ।

বিজ্ঞপ্তি

তারিখ, ১১ ফেব্রুয়ারি ২০১৫

নং ০৫.৩০.৫৬৭০.৩০১.৩৮.০১২.১৪.-৯৩—যেহেতু মানিকগঞ্জ জেলাধীন সাটুরিয়া উপজেলার দড়গ্রাম ইউনিয়ন পরিষদের ০১, ০২, ০৩ নং ওয়ার্ডের সংরক্ষিত মহিলা আসনের নির্বাচিত সদস্য হোসনে আরা বেগম, স্বামী জনাব মোঃ আবুল হোসেন, গ্রাম-সাফুল্লী, পোঃ-দড়গ্রাম, উপজেলা-সাটুরিয়া, জেলা মানিকগঞ্জ ১১ ফেব্রুয়ারি ২০১৫ তারিখে মৃত্যুবরণ করেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন), সেহেতু স্থানীয় সরকার ইউনিয়ন পরিষদ আইন ২০০9 এর ৩৫ ধারার ২ উপধারায় প্রদত্ত ক্ষমতাবলে আমি হাসান মূর্তাজা মাসুম, উপজেলা নির্বাহী অফিসার, সাটুরিয়া, মানিকগঞ্জ সর্বসাধারণের জ্ঞাতার্থে ১১ ফেব্রুয়ারি ২০১৫ তারিখ হতে উক্ত দড়গ্রাম ইউনিয়ন পরিষদের ০১, ০২, ০৩ নং ওয়ার্ডের সংরক্ষিত আসনের সদস্য পদটি শূন্য ঘোষণা করলাম।

হাসান মূর্তাজা মাসুম
উপজেলা নির্বাহী অফিসার।

উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সদর, ময়মনসিংহ।

বিজ্ঞপ্তি

তারিখ, ১৮ মার্চ ২০১৫

নং ০৫.৩০.৬১৫২.০০৩.০১.০০১.১৫-২৯৩—স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০9 এর ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান বা সদস্য পদ শূন্য হওয়া সংক্রান্ত ধারা ৩৫ এর ২ উপ-ধারা মোতাবেক আমার উপর অর্পিত ক্ষমতাবলে আমি আ.ন.ম ফয়জুল হক, উপজেলা নির্বাহী অফিসার, সদর, ময়মনসিংহ সর্বসাধারণের অবগতির জন্য এ মর্মে বিজ্ঞপ্তি প্রকাশ করছি যে, ময়মনসিংহ সদর উপজেলাধীন ৯নং খাগডহর ইউনিয়নের ৫নং ওয়ার্ডের সদস্য জনাব মোঃ সুরুজ আলী, পিতা মৃত-জুনাব আলী, গ্রাম-মির্জাপুর, পোঃ-বেগুনবাড়ী, সদর, ময়মনসিংহ গত ০৮-০৩-২০১৫ খ্রিঃ তারিখ রবিবার নিজ বাড়ীতে ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি............... রাজিউন)।

বর্ণিত অবস্থায় জনাব মোঃ সুরুজ আলী এর মৃত্যুজনিত কারণে সদর উপজেলাধীন ৯নং খাগডহর ইউনিয়ন পরিষদের ৫নং ওয়ার্ডের সাধারণ আসনের সদস্য পদটি ০৮-০৩-২০১৫ খ্রিঃ তারিখ হতে শূন্য ঘোষণা করা হলো।

আ.ন.ম ফয়জুল হক
উপজেলা নির্বাহী অফিসার।

উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
টাঙ্গাইল সদর

বিজ্ঞপ্তি

তারিখ, ২৫ ফেব্রুয়ারি ২০১৫

নং ০৫.৩০.৯৩.৯৫.০০০.০০১.০৮৫/২০১২-১৮৭(১০)—এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, টাঙ্গাইল সদর উপজেলাধীন ০৫ নং ছিলিমপুর ইউনিয়ন পরিষদের সংরক্ষিত ০১ নং ওয়ার্ডের নির্বাচিত মহিলা সদস্য মোছাঃ সেলিনা বেগম, স্বামী মোঃ আবুল কালাম আজাদ, গ্রাম ঃ ছোনাট, ইউনিয়ন-ছিলিমপুর, উপজেলা-টাঙ্গাইল সদর গত ১৪ ফেব্রুয়ারি, ২০১৫ তারিখ বিকাল আনুমানিক ০৪.০০ ঘটিকার সময়ে উচ্চ রক্তচাপজনিত কারণে অসুস্থ হয়ে ইন্তেকাল করেছেন (ইন্নালিল্লাহি............রাজিউন)।

টাঙ্গাইল সদর উপজেলাধীন ছিলিমপুর ইউনিয়ন পরিষদের সংরক্ষিত ০১ নং ওয়ার্ডের মহিলা সদস্য মৃত্যুবরণ করায় স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯-এর ৩৫(২) নং ধারায় প্রদত্ত ক্ষমতাবলে আমি ইসরাত জাহান, উপজেলা নির্বাহী অফিসার, টাঙ্গাইল সদর ০৫ নং ছিলিমপুর ইউনিয়ন পরিষদের সংরক্ষিত ০১ নং ওয়ার্ডের মহিলা সদস্য পদটি ১৪ ফেব্রুয়ারী, ২০১৫ তারিখ হতে শূন্য ঘোষণা করলাম।

ইসরাত জাহান
উপজেলা নির্বাহী অফিসার।

উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কচুয়া, চাঁদপুর

বিজ্ঞপ্তি

তারিখ, ২৫ ফেব্রুয়ারি ২০১৫

নং ০০.০০০.৫২৫.০০.০০৭.৩০.২০১৫-১৯৫—যেহেতু চাঁদপুর জেলার কচুয়া উপজেলাধীন ৮নং কাদলা ইউনিয়ন পরিষদের ২নং ওয়ার্ডের নির্বাচিত সদস্য জনাব অনিল চন্দ্র দাস, পিতা মৃত-সুরেন্দ্র চন্দ্র দাস, গ্রাম-আয়মা, উপজেলা-কচুয়া, জেলা-চাঁদপুর ১৬-০২-২০১৫ খ্রিঃ তারিখ বেলা ২.০০ ঘটিকায় অসুস্থতাজনিত কারণে মৃত্যুবরণ করেছেন মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য লিখিতভাবে এ কার্যালয়কে অবহিত করেছেন।

সেহেতু স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০9 এর ৩৫ (২) ধারার বিধান অনুসারে আমার উপর অর্পিত ক্ষমতাবলে আমি জিয়া আহমেদ সুমন, উপজেলা নির্বাহী অফিসার, কচুয়া, চাঁদপুর ৮ নং কাদলা ইউনিয়ন পরিষদের ০২ নং ওয়ার্ডের সদস্যের মৃত্যুর তারিখ হতে সংশ্লিষ্ট ওয়ার্ড সদস্যের পদটি শূন্য ঘোষণা করলাম।

জিয়া আহমেদ সুমন
উপজেলা নির্বাহী অফিসার।

উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মনোহরগঞ্জ, কুমিল্লা।

বিজ্ঞপ্তি

তারিখ, ২৫ ফেব্রুয়ারি ২০১৫

নং ০৫.৫৫৬.০০৬.০০.০০১.২০১৫-১৪৩—এই মর্মে জানানো যাচ্ছে যে, মনোহরগঞ্জ উপজেলাধীন ৫নং ঝলম (দঃ) ইউনিয়ন পরিষদের ৩নং ওয়ার্ডের সদস্য জনাব মোবারক হোসেন হাওলাদার, পিতা-মৃত আবদুল গফুর, মাতা-মৃত জাহেদা খাতুন, গ্রাম ঃ লাউলহরী, পোঃ-পোমগাঁও, মনোহরগঞ্জ, কুমিল্লা বিগত ১৮-০২-২০১৫ খ্রিঃ তারিখে সাধারণ সদস্যপদ থেকে স্বেচ্ছায় পদত্যাগ করেছেন মর্মে ভারপ্রাপ্ত চেয়ারম্যান, ঝলম (দঃ) ইউনিয়ন পরিষদ, মনোহরগঞ্জ, কুমিল্লা লিখিতভাবে জানিয়েছেন। স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) (সংশোধন) আইন, ২০১০ এর ৩২(১) অনুচ্ছেদ অনুসারে ইউনিয়ন পরিষদের সদস্যের পদত্যাগের কারণে আমি নিম্নস্বাক্ষরকারী কর্তৃক ১৮-০২-২০১৫ খ্রিঃ তারিখ হতে ৫নং ঝলম (দঃ) ইউনিয়ন পরিষদের ৩নং ওয়ার্ডের সদস্য জনাব মোবারক হোসেন হাওলাদার, পিতা-মৃত আবদুল গফুর, মাতা-মৃত জাহেদা খাতুন, গ্রাম ঃ লাউলহরী, পোঃ-পোমগাঁও, মনোহরগঞ্জ, কুমিল্লা পদটি শূন্য ঘোষণা করলাম।

মোস্তফা মোরশেদ
উপজেলা নির্বাহী অফিসার।

উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মীরসরাই, চট্টগ্রাম।

বিজ্ঞপ্তি

তারিখ, ১২ ফেব্রুয়ারি ২০১৫

নং ০০.৫০৪.০০২.০৪.১১.০০৫.২০১৪-১৩৯—স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০9 এর ৩৫ এর (২) ধারায় বর্ণিত ক্ষমতাবলে আমি মুহম্মদ আশরাফ হোসেন, উপজেলা নির্বাহী অফিসার, মীরসরাই, চট্টগ্রাম সর্বসাধারণের জ্ঞাতার্থে এ মর্মে বিজ্ঞপ্তি প্রকাশ করছি যে, চট্টগ্রাম জেলার মীরসরাই উপজেলাধীন ১০ নং মিঠানালা ইউনিয়নের ০৬ নং ওয়ার্ডের সাধারণ আসনের নির্বাচিত সদস্য জনাব জিয়াউল করিম, পিতা-মৃত আবুল কাশেম, গ্রামঃ উত্তর মুরাদপুর, উপজেলা মীরসরাই, জেলা চট্টগ্রাম, বিগত ২০-০১-২০১৫ খ্রিঃ তারিখ মৃত্যুবরণ করেন। (ইন্নালিল্লাহি.....................রাজিউন)।

এমতাবস্থায়, আমি মুহম্মদ আশরাফ হোসেন, উপজেলা নির্বাহী অফিসার, মীরসরাই, চট্টগ্রাম, মীরসরাই উপজেলার ১০ নং মিঠানালা ইউনিয়নের ০৬ নং ওয়ার্ডের সাধারণ আসনের নির্বাচিত সদস্য পদটি মৃত্যুর তারিখ হতে শূন্য ঘোষণা করছি।

মুহম্মদ আশরাফ হোসেন
উপজেলা নির্বাহী অফিসার।

উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সীতাকুন্ড, চট্টগ্রাম।

বিজ্ঞপ্তি

তারিখ, ৪ মার্চ ২০১৫

নং ০০.২০.১৫.৮৬.০০২.৫০.১১৫.১৫-২০৫—চট্টগ্রাম জেলার সীতাকুন্ড উপজেলাধীন ১০ নং সলিমপুর ইউনিয়ন পরিষদের ০৯ নং ওয়ার্ডের সদস্য জনাব মোঃ নুরুল হুদা গত ১১-০২-২০১৫ খ্রিঃ তারিখে মৃত্যুবরণ করেছেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।

এমতাবস্থায় আমি মুহম্মদ শাহীন ইমরান, উপজেলা নির্বাহী অফিসার, সীতাকুন্ড, চট্টগ্রাম স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০9 এর ৩৫ (২) ধারা মোতাবেক আমার উপর অর্পিত ক্ষমতাবলে সীতাকুন্ড উপজেলাধীন ১০নং সলিমপুর ইউনিয়ন পরিষদের ০৯নং ওয়ার্ডের সদস্য জনাব মোঃ নুরুল হুদা এর সদস্য পদ ১১-০২-২০১৫ তারিখ হতে শূন্য ঘোষণা করলাম।

মুহম্মদ শাহীন ইমরান
উপজেলা নির্বাহী অফিসার।

উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মোহনপুর, রাজশাহী।

বিজ্ঞপ্তি

তারিখ, ১৮ ফাল্গুন ১৪২১/২ মার্চ ২০১৫

নং ০৫.৪৩.৮১.৫৩.০০০.০৬.০২৮.১৫-২২৫—রাজশাহী জেলাধীন মোহনপুর উপজেলার ০৪নং মৌগাছি ইউনিয়ন পরিষদের ০২ নং ওয়ার্ডের সাধারণ আসনের সদস্য জনাব মোঃ তছলিম মোল্লা, পিতা-মৃত জমির মোল্লা, সাং-বেলগাছী, উপজেলা-মোহনপুর, জেলা-রাজশাহী গত ১৯-০২-২০১৫ খ্রিঃ তারিখ ক্যান্সার রোগে আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।

এমতাবস্থায় আমি খন্দকার ইয়াসির আরেফীন, উপজেলা নির্বাহী অফিসার, মোহনপুর, রাজশাহী, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০9 এর ধারা ৩৫ (২) এর উপ-ধারা (১) মোতাবেক আমার উপর অর্পিত ক্ষমতাবলে মোহনপুর উপজেলাধীন ০৪নং মৌগাছি ইউনিয়ন পরিষদের ০২নং ওয়ার্ডের সাধারণ আসনের সদস্য পদটি ১৯-০২-২০১৫ খ্রিঃ হতে এতদ্বারা শূন্য ঘোষণা করলাম।

খন্দকার ইয়াসির আরেফীন
উপজেলা নির্বাহী অফিসার।

উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ।

বিজ্ঞপ্তিসমূহ

তারিখ, ১৬ ফেব্রুয়ারি ২০১৫

নং ০৫.৪৩.৭০৮৮.০০০.০৯.০৫৭.১৫-২৮৮/১(৬)—স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০9 এর ধারা ৩৫ এর ২ উপধারায় প্রদত্ত ক্ষমতাবলে আমি সৈয়দ ইরতিজা আহসান, উপজেলা নির্বাহী অফিসার, শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ সর্বসাধারণের অবগতির জন্য জানাচ্ছি যে, অত্র উপজেলার ১২ নং পাঁকা ইউনিয়নের ০৬ নং ওয়ার্ডের নির্বাচিত সদস্য মোহাঃ হুমায়ুন আলী বিশ্বাস, পিতা মৃত আউয়ুব আলী বিশ্বাস, গ্রাম লক্ষ্মীপুর, উপজেলা-শিবগঞ্জ, জেলা-চাঁপাইনবাবগঞ্জ গত ০৩-০২-২০১৫ খ্রিঃ তারিখ সকাল ৯.০০ ঘটিকায় অসুস্থতাজনিত কারণে মৃত্যুবরণ করেন। তাঁর মৃত্যুজনিত কারণে উক্ত ইউনিয়ন পরিষদের ০৬ নং ওয়ার্ডের সাধারণ সদস্য পদটি মৃত্যুর তারিখ হতে শূন্য ঘোষণা করলাম।

নং ০৫.৪৩.৭০৮৮.০০০.০৯.০৫৭.১৫-২৮৯/১(৬)—স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ এর ধারা ৩৫ এর ২ উপধারায় প্রদত্ত ক্ষমতাবলে আমি সৈয়দ ইরতিজা আহসান, উপজেলা নির্বাহী অফিসার, শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ সর্বসাধারণের অবগতির জন্য জানাচ্ছি যে, অত্র উপজেলার ০৪ নং মোবারকপুর ইউনিয়নের ০৩ নং ওয়ার্ডের নির্বাচিত সদস্য মোঃ কেতাব আলী, পিতা মৃত সলিমুদ্দিন, গ্রাম-বটতলা, উপজেলা-শিবগঞ্জ, জেলা-চাঁপাইনবাবগঞ্জ গত ০৩-০২-২০১৫ খ্রিঃ তারিখ বিকাল ৫.০০ ঘটিকায় মৃত্যুবরণ করেন। তাঁর মৃত্যুজনিত কারণে উক্ত ইউনিয়ন পরিষদের ০৩ নং ওয়ার্ডের সাধারণ সদস্য পদটি মৃত্যুর তারিখ হতে শূন্য ঘোষণা করলাম।

সৈয়দ ইরতিজা আহসান
উপজেলা নির্বাহী অফিসার।

উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কাজিপুর, সিরাজগঞ্জ

বিজ্ঞপ্তি

তারিখ, ২৬ ফাল্গুন ১৪২১/১০ মার্চ ২০১৫

নং ০৫.৫০.৮৮৫০.০০১.০৬.০০১.২০১৫-২২৬(১২)—স্থানীয় সরকার বিভাগ (ইপ-১ অধিশাখা), স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এর ০৯ মার্চ ২০১৫ খ্রিঃ তারিখের স্থাসবি/ইপ/সাবঅ-২৭/০৭(অংশ-১)-১৯ নং স্মারক মোতাবেক স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৯ (১৩) অনুযায়ী সিরাজগঞ্জ জেলার কাজিপুর উপজেলাধীন ০৯ নং নাটুয়ারপাড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মোঃ তোজাম্মেল হক এর বিরুদ্ধে উক্ত পরিষদের ১২ (বার) জন সদস্যের আনীত অনাস্থা প্রস্তাব সরকার কর্তৃক অনুমোদিত হয়েছে।

স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৫(২) মোতাবেক আমার উপর অর্পিত ক্ষমতাবলে আমি মোঃ শাফিউল ইসলাম, উপজেলা নির্বাহী অফিসার, কাজিপুর, সিরাজগঞ্জ একই আইনের ৩৫(১)(চ) ধারা মোতাবেক সিরাজগঞ্জ জেলার কাজিপুর উপজেলাধীন ০৯ নং নাটুয়ার পাড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পদটি অদ্য ১০-০৩-২০১৫ খ্রি. তারিখ হতে শূন্য ঘোষণা করলাম।

মোঃ শাফিউল ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার।

উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
আদমদীঘি, বগুড়া।

বিজ্ঞপ্তি

তারিখ, ১৮ ফাল্গুন ১৪২১/২ মার্চ ২০১৫

নং ০৫.৫০.১০০৬.০০০.৫.০১৬.১৫-২৪৭—এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানান যাচ্ছে যে, বগুড়া জেলার আদমদীঘি উপজেলাধীন সান্তাহার ইউনিয়ন পরিষদের ১ নং ওয়ার্ডের সংরক্ষিত আসনের নির্বাচিত সদস্য মোছাঃ নাসিমা বেগম স্বামী মোঃ আজিজুল হক, গ্রাম উথরাইল (মকবুলপাড়া) গত ১৯-০২-২০১৫ খ্রিঃ তারিখ হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে ইন্তেকাল করেছেন (ইন্নালিল্লাহি............ রাজিউন)।

এমতাবস্থায়, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৫(২) ধারা অনুযায়ী আমার উপর অর্পিত ক্ষমতাবলে আমি মোঃ রেজাউল করিম, উপজেলা নির্বাহী অফিসার, আদমদীঘি, বগুড়া উক্ত সদস্যের মৃত্যুজনিত কারণে একই আইনের ৩৫(১) এর (ঙ) ধারা অনুযায়ী উক্ত সদস্যের মৃত্যুর তারিখ অর্থাৎ ১৯-০২-২০১৫ খ্রিঃ তারিখ হতে উক্ত ১নং ওয়ার্ডের সংরক্ষিত আসনের পদটি শূন্য ঘোষণা করলাম।

মোঃ রেজাউল করিম
উপজেলা নির্বাহী অফিসার।

উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
আদিতমারী, লালমনিরহাট

বিজ্ঞপ্তি

তারিখ, ১২ ফেব্রুয়ারি ২০১৫

নং ০৫.৪৭.৫২০২.০০০.০৩.০০৮.১৪-২১৫—লালমনিরহাট জেলার আদিতমারী উপজেলাধীন ৩নং কমলাবাড়ী ইউনিয়ন পরিষদের ৪নং ওয়ার্ড সদস্য জনাব আফছার আলী লিভারের সমস্যাজনিত কারণে আক্রান্ত হয়ে গত ১০-০২-২০১৫ খ্রিঃ মঙ্গলবার বেলা ২.০০ ঘটিকায় রংপুর সামরিক হাসপাতালে মৃত্যুবরণ করায় স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) অধ্যাদেশ, ২০০৯ এর ৩৫(২) ধারা মোতাবেক আমার উপর অর্পিত ক্ষমতাবলে আমি মোঃ জহুরুল ইসলাম, উপজেলা নির্বাহী অফিসার, আদিতমারী, লালমনিরহাট উক্ত সদস্যের মৃত্যুর তারিখ অর্থাৎ ১০-০২-২০১৫ খ্রিঃ থেকে ৩নং কমলাবাড়ী ইউনিয়ন পরিষদের ৪নং ওয়ার্ডের সদস্য পদটি শূন্য ঘোষণা করলাম।

মোঃ জহুরুল ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার।

উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নবাবগঞ্জ, দিনাজপুর।

বিজ্ঞপ্তি

তারিখ, ২৫ ফেব্রুয়ারি ২০১৫

নং ০৫.৮১৯.০২০.০০.০০.০৪৮/১৫-১১৯—যেহেতু দিনাজপুর জেলার নবাবগঞ্জ উপজেলাধীন ৬নং ভাদুরিয়া ইউনিয়ন পরিষদের ২নং সাধারণ ওয়ার্ডের নির্বাচিত ওয়ার্ড সদস্য জনাব মোঃ শাহাজুল ইসলাম গত ২২-১১-২০১৪ তারিখে ইন্তেকাল করেন।

সেহেতু স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৫ (১) (ঙ) নং বিধি অনুযায়ী মৃত্যুজনিত কারণে ৩৫ (২) বিধিতে আমার উপর অর্পিত ক্ষমতাবলে আমি মোঃ ইসরাইল হোসেন, উপজেলা নির্বাহী অফিসার, নবাবগঞ্জ, দিনাজপুর ৬নং ভাদুরিয়া ইউনিয়ন পরিষদের ২নং সাধারণ ওয়ার্ডের নির্বাচিত ওয়ার্ড সদস্য পদটি ২৩-১১-২০১৪ ইং তারিখ হতে শূন্য ঘোষণা করছি।

মোঃ ইসরাইল হোসেন
উপজেলা নির্বাহী অফিসার।

উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
পঞ্চগড় সদর, পঞ্চগড়।

বিজ্ঞপ্তি

তারিখ, ২১ ফাল্গুন ১৪২১/৫ মার্চ ২০১৫

নং ০৫.৪৭.৭৭৭৩.০০০.১৮.০২৩.১২-৪৮—এতদ্বারা সর্বসাধারণের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, পঞ্চগড় জেলার পঞ্চগড় সদর উপজেলাধীন ২নং হাফিজাবাদ ইউনিয়ন পরিষদের ৮নং ওয়ার্ডের সাধারণ আসনের নির্বাচিত সদস্য জনাব মোঃ অলিয়ার রহমান,

পিতা-মৃত নুরল হক, মাতা-মোছাঃ রহিমা খাতুন, গ্রাম-শিংনাথ পাড়া, উপজেলা-পঞ্চগড় সদর, জেলা-পঞ্চগড় গত ২১-০২-২০১৫ তারিখ রোজ শনিবার সকাল ৯.০০ টায় নিজ বাসভবনে হৃদরোগে আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করেছেন (ইন্নালিল্লাহি...............রাজিউন)। পঞ্চগড় সদর উপজেলার ২নং হাফিজাবাদ ইউনিয়ন পরিষদের ২২-০২-২০১৫ তারিখের ইউপি/(১৬)/(২)/১/বিবিধ নং স্মারকমূলে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান কর্তৃক জনাব মোঃ অলিয়ার রহমান-এর মৃত্যু সংবাদ প্রেরণ করায় আমি লায়লা মুন্‌তাজেরী দীনা, উপজেলা নির্বাহী অফিসার, পঞ্চগড় সদর, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯-এর ধারা ৩৫-এর (ঙ) নং অনুচ্ছেদের প্রদত্ত ক্ষমতাবলে পঞ্চগড় সদর উপজেলার ২নং হাফিজাবাদ ইউনিয়ন পরিষদের ৮নং ওয়ার্ডের সাধারণ আসনের সদস্য পদটি ২১-০২-২০১৫ তারিখ হতে শূন্য ঘোষণা করলাম।

লায়লা মুন্‌তাজেরী দীনা
উপজেলা নির্বাহী অফিসার।

উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
শ্যামনগর, সাতক্ষীরা।

বিজ্ঞপ্তি

তারিখ, ২৩ ফেব্রুয়ারি ২০১৫

নং ০৫.১৫.৮৭৮৬.০১৮.১০.১৯.১৫-২২৫—স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন-২০০৯ এর ৩৫ ধারার উপধারা (২) এর ক্ষমতাবলে আমি আবু সায়েদ মোঃ মনজুর আলম, উপজেলা নির্বাহী অফিসার, শ্যামনগর, সাতক্ষীরা সর্বসাধারণের অবগতির জন্য বিজ্ঞপ্তি প্রকাশ করছি যে, সাতক্ষীরা জেলার শ্যামনগর উপজেলাধীন ০২ নং কাশিমাড়ী ইউনিয়ন পরিষদ এর নির্বাচিত চেয়ারম্যান জনাব গাজী আব্দুল হামিদ, পিং-মৃত গাজী পরান, গ্রাম-জয়নগর, পোঃ-কাশিমাড়ী, উপজেলা-শ্যামনগর, জেলা-সাতক্ষীরা গত ২০ ফেব্রুয়ারি, ২০১৫ খ্রিঃ তারিখ মৃত্যুবরণ করেছেন (ইন্নালিল্লাহি............রাজিউন)।

স্থানীয় সরকার (ইউপি আইন) ২০০৯ এর ৩৫ ধারার উপধারা (ঙ) মোতাবেক ০২ নং কাশিমাড়ী ইউনিয়ন পরিষদ এর চেয়ারম্যান পদটি ২০ ফেব্রুয়ারি, ২০১৫ খ্রিঃ তারিখ হতে শূন্য ঘোষণা করলাম।

আবু সায়েদ মোঃ মনজুর আলম
উপজেলা নির্বাহী অফিসার।

উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মণিরামপুর, যশোর।

বিজ্ঞপ্তি

তারিখ, ০১ মার্চ ২০১৫

নং ০৫.৬৫৫.০১৮.০০.০৫.০০২.২০১৫.৩৩২—মণিরামপুর উপজেলার ৭নং খেদাপাড়া ইউনিয়ন পরিষদের নির্বাচিত চেয়ারম্যান জনাব মোঃ ওমর ফারুক, পিতা-মৃত আছমানতুল্যা গাজী, গ্রামঃ খড়িঞ্জি, ডাকঃ জি-খড়িঞ্জি, উপজেলাঃ মনিরামপুর, জেলাঃ যশোর, গত ২৩-০২-২০১৫ খ্রি. তারিখ স্ট্রোকজনিত কারণে মৃত্যুবরণ করায় স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ এর ৩৫(২) ধারার ক্ষমতাবলে আমি শরীফ নজরুল ইসলাম, উপজেলা নির্বাহী অফিসার, মণিরামপুর, যশোর, যশোর জেলাধীন মণিরামপুর উপজেলার ৭নং খেদাপাড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পদটি গত ২৪-০২-২০১৫ খ্রিঃ তারিখ হতে শূন্য ঘোষণা করলাম।

শরীফ নজরুল ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার।

উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
যশোর সদর, যশোর।

বিজ্ঞপ্তি

তারিখ, ২৬ ফেব্রুয়ারি ২০১৫

নং ০৫.৪৪.৪১০০.০০.০৫.০০১.১৫-২৪৮—যশোর জেলার যশোর সদর উপজেলাধীন ০৩নং ইছালী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মোঃ মোশারেফ হোসেন, পিতা-মৃত মোকাম মন্ডল, গ্রাম : কিসমত রাজাপুর, উপজেলা : যশোর সদর, জেলা : যশোর গত ২৪-০২-২০১৫ খ্রি: তারিখ মঙ্গলবার বেলা ১১.০০ টায় দুর্বৃত্তদের গুলিতে নিহত হয়েছেন। (ইন্নালিল্লাহি ....রাজিউন)।

স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৫(২) ধারা মোতাবেক আমার উপর অর্পিত ক্ষমতাবলে আমি মোঃ কামরুল আরিফ, উপজেলা নির্বাহী অফিসার, যশোর সদর, যশোর এতদ্বারা উক্ত ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের মৃত্যুজনিত কারণে একই আইনের ৩৫(১) (ঙ) ধারা মোতাবেক তার মৃত্যুর তারিখ অর্থাৎ ২৪-০২-২০১৫ খ্রি: তারিখ হতে উক্ত ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পদটি শূন্য ঘোষণা করলাম।

মোঃ কামরুল আরিফ
উপজেলা নির্বাহী অফিসার।

উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মধুখালী, ফরিদপুর।

বিজ্ঞপ্তি

তারিখ, ১৬ আষাঢ় ১৪২২/৩০ জুন ২০১৫

নং ০৫.৪৬৫.০১৮.১০.০০.০২.২০১৫-৪০২—আমি মোহাম্মদ হাবিব উল্লাহ, উপজেলা নির্বাহী অফিসার, মধুখালী, ফরিদপুর জেলা প্রশাসক, ফরিদপুর মহোদয়ের কার্যালয়ের ২৮-০৬-২০১৫ খ্রিঃ তারিখের ০৫.২৮৩.০১৮.১০.০০.০২৯.২০১১.২৮৫ নং স্মারকাদেশ মোতাবেক মধুখালী উপজেলার মধুখালী ইউনিয়ন পরিষদের নাম পরিবর্তন করে “কামালদিয়া ইউনিয়ন পরিষদ” নামকরণ করলাম এবং বর্তমান কামালদিয়া ইউনিয়ন পরিষদের ওয়ার্ডসমূহের সীমানা নিম্নরূপভাবে নির্ধারণ করা হলো :

সংরক্ষিত মহিলা ওয়ার্ড	সাধারণ ওয়ার্ড	জে. এল নং	মৌজার নাম	মৌজার অর্ন্তভুক্ত এলাকার নাম
০১	০১	৯৭	শ্রীপুর মৌজা আংশিক	শ্রীপুর গ্রাম আংশিক। শ্রীপুর মৌজার বি,এস দাগ নং ১১৬৪-১২৩৩, ১২৪৯-১৩১৬, ১৩১৯-১৩৯৩, ১৪০৪-১৪২০, ১৪২৩-৩০৩৩
		৯৫	নদীয়া বাজারকান্দি মৌজা আংশিক	নদীয়া বাজারকান্দি গ্রাম আংশিক। নদীয়া কাজারকান্দি মৌজার বি, এস দাগ নং ১৪৬-৪০৪, ৬৮৫-৬৯৮৮, ৭০২-৭৪১

সংরক্ষিত মহিলা ওয়ার্ড	সাধারণ ওয়ার্ড	জে. এল নং	মৌজার নাম	মৌজার অর্ন্তভুক্ত এলাকার নাম
		৯২	ঝাউহাটি মৌজা সম্পূর্ণ	ঝাউহাটি গ্রাম সম্পূর্ণ
		৯৩	পরিক্ষিতপুর মৌজা আংশিক	পরিক্ষিতপুর গ্রাম আংশিক। পরিক্ষিতপুর মৌজার বি, এস দাগ নং ৮০১-১২৮৪
		৯১	পাচই মৌজা আংশিক	চাদপুর গ্রাম সম্পূর্ণ, মির্জাকান্দি গ্রাম সম্পূর্ণ। পাচই মৌজার বি, এস দাগ নং ১-১৪৪, ১৫১-১৭১, ৩৬২-৭০৪, ১১৬৭-১৩০৮, ১৪৪৮, ২৫০১-২৬৭১
	০২	৮৪	মেছড়দিয়া মৌজা আংশিক	মেছড়দিয়া গ্রাম আংশিক। মেছড়দিয়া মৌজার বি, এস দাগ নং ৯৯৬-১৩২৭, ১৭৮৩-২০০০
		৪৪	নিখরিয়া মৌজা সম্পূর্ণ	নিখলিয়া গ্রাম সম্পূর্ণ
		৯০	দত্তের কাপাসাটিয়া মৌজা সম্পূর্ণ	দত্তের কাপাসাটিয়া গ্রাম সম্পূর্ণ
		৯১	পাচই মৌজা আংশিক	উলুহাট গ্রাম সম্পূর্ণ। পাচই মৌজার বি, এস দাগ নং ১৪৫-১৫০, ১৭২-২০৯, ২২৪-৩৬১, ৮৪১-৮৭৮
	০৩	৮৬	মীরের কাপাসাটিয়া মৌজা সম্পূর্ণ	মীরের মাপাসাটিয়া গ্রাম সম্পূর্ণ (৫৪২)
০২	০৪	৩৬	ঘোড়াখালী মৌজা সম্পূর্ণ	ঘোড়াখালী গ্রাম সম্পূর্ণ
		৯৮	খোকসাহাট মৌজা সম্পূর্ণ	খোকসাহাট গ্রাম সম্পূর্ণ
	০৫	৮৯	কামালদিয়া মৌজা আংশিক	মীরেপাড়া গ্রাম সম্পূর্ণ মাকড়াইল গ্রাম সম্পূর্ণ কামালদিয়া মৌজার বি, এস দাগ নং ১-১২২৬
	০৬	৯১	পাচই মৌজা আংশিক	কালপোহা গ্রাম সম্পূর্ণ। পাচই মৌজার বি, এস দাগ নং ২১০-২২৫, ৫০০১, ৫৫৬৯, ৫৬১৭-৫৬৪২
		৮৯	কামালদিয়া মৌজা আংশিক	কামালদিয়া মৌজার বি, এস দাগ নং ১২২৭-১৫১৩
০৩	০৭	৯১	পাচই মৌজা আংশিক	পাচই গ্রাম সম্পূর্ণ, রায়েকদাহ গ্রাম সম্পূর্ণ, লক্ষিকান্দা গ্রাম সম্পূর্ণ, টাকদিয়া গ্রাম সম্পূর্ণ পাচই মৌজার বি, এস দাগ নং ৮৪১-১১৬৬, ১৩০৯-১৪৪৮, ২৬৭২-৩৪৮১, ৫৬৯৪-৬০৪৪, ৬৩০১-৭৪৫৬
	০৮	৮৯	কামালদিয়া মৌজা আংশিক	কামালদিয়া গ্রাম পশ্চিম অংশ কামালদিয়া মৌজার বি, এস দাগ নং ২০০১-৩০৫৯, ৩৫০১-৩৫৩৬, ৩৭৬০-৪২২৮, ৪২৪০-৪২৬৮, ৪৩২২-৪৮১১
	০৯	৮৯	কামালদিয়া মৌজা আংশিক	কামালদিয়া গ্রাম পূর্ব অংশ কয়েশদিয়া গ্রাম সম্পূর্ণ কামালদিয়া মৌজার বি, এস দাগ নং ৩৫৩৭-৩৭৫৯, ৪২২৯-৪২৩৯, ৪২৬৯-৪৩২২, ৪৮১২-৫১৬৬

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

মোহাম্মদ হাবিব উল্লাহ
উপজেলা নির্বাহী অফিসার।

দুর্নীতি দমন কমিশন
প্রধান কার্যালয়, ঢাকা।

প্রজ্ঞাপন

তারিখ, ০৮ জুন ২০১৫

নং দুদক/১৯০-৮৭(সং-১)/অংশ-২/১৭১১৮—জনাব মোঃ আবদুল বাছেত, পরিচালক, দুর্নীতিদমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা-এর জন্ম তারিখ ২৩-০৬-১৯৫৬ অনুযায়ী ২২-০৬-২০১৫ তারিখে তার বয়স ৫৯ বছর পূর্তি হয়েছে। গণকর্মচারী (অবসর) আইন, ১৯৭৪ (হালনাগাদ সংশোধিত)-এর ধারা ৭ মোতাবেক তাকে ২৩-০৬-২০১৫ হতে ২২-০৬-২০১৬ তারিখ পর্যন্ত পূর্ণগড় বেতনে ১ (এক) বছর অবসর উত্তর ছুটি ও ছুটি নগদায়ন (ল্যাম্প গ্রান্ট) যুগপৎভাবে মঞ্জুর করা হলো।

২। তার অবসর উত্তর ছুটি (PRL) ছাড়াও পূর্ণ গড় বেতনে ০১ বছর ০৩ মাস ১৮ দিন এবং অর্ধ গড় বেতনে ০২ বছর ০৬ মাস ০৬ দিন অর্জিত ছুটি পাওনা থাকবে। তার বর্তমান মূল বেতন ২৯,৪৫০ (উনত্রিশ হাজার চারশত পঞ্চাশ) টাকা।

মোঃ সহিদুজ্জামান
মহাপরিচালক (প্রশাসন, সংস্থাপন ও অর্থ)।